

## বিএড ভর্তি বিজ্ঞপ্তি



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব এডুকেশন পরিচালিত এক বছর মেয়াদি ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রোগ্রামের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে (২০১৮ ব্যাচ) ভর্তির জন্য বাউবির নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

- ভর্তির ন্যূনতম যোগ্যতা: স্নাতক বা সমমানের ডিগ্রি (সরকারি ও সরকার অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অন্যান্য)।
- ভর্তি ফরম বিতরণ, সংগ্রহ ও জমাদানের তারিখ: ২৭-১১-২০১৭ থেকে ১১-০১-২০১৮ পর্যন্ত।
  - আবেদনপত্র সংগ্রহ ও জমাদান: বাউবি কর্তৃক নির্ধারিত জনতা ব্যাংকের শাখায় ৪০০/- (চারশত) টাকা জমা দিয়ে আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে অফিস চলাকালীন সময়ে (সোমবার থেকে শুক্রবার, সকাল ৯ থেকে বিকাল ৫টা পর্যন্ত) আবেদনপত্র সংগ্রহ করা ও জমা দেয়া যাবে।

২০১৬-১৭ শিক্ষাবর্ষ (২০১৭ ব্যাচ) থেকে বাউবি গাজীপুর ক্যাম্পাসে মডেল স্টাডি সেন্টার চালু করা হয়েছে

- বিশ্ববিদ্যালয়ের যে আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে আবেদনপত্র সংগ্রহ করা হবে, সেই কেন্দ্রেই আবেদনপত্রটি নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
- বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.bou.edu.bd](http://www.bou.edu.bd)) থেকেও ভর্তি ফরম ডাউনলোড করা যাবে। সেক্ষেত্রে ৪০০/- (চারশত) টাকা জমাদানের ব্যাংক রশিদ আবেদন ফরমের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদন ফরম ১১-০১-২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- ভর্তির আবেদনপত্রের সঙ্গে প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে:
  - ক. পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি।
  - খ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি।
  - গ. চারিত্রিক সনদপত্র।
  - ঘ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ভর্তি পরীক্ষা, নম্বর বন্টন ও ফলাফল:
  - ১০০ নম্বরের বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন: বাংলা- ২৫, ইংরেজি- ২৫, গণিত- ২৫, সাধারণ জ্ঞান- ২৫ (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)।
  - ভর্তি পরীক্ষার তারিখ: ২৬-০১-২০১৮ (সকাল: ১০:০০ থেকে ১১:০০ ঘটিকা পর্যন্ত)। স্কুল অব এডুকেশনের তত্ত্বাবধানে বিএড প্রোগ্রামের স্টাডি সেন্টারসমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
  - ভর্তি পরীক্ষার ফল প্রকাশের তারিখ: ০৮-০২-২০১৮। ভর্তি পরীক্ষার ফল পাওয়া যাবে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.bou.edu.bd](http://www.bou.edu.bd)) এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে।

ইটলাইন: ০২-৯২৯১১০৭ (রবি থেকে বৃহস্পতিবার, সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত)

### □ ভর্তি প্রক্রিয়া:

- মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে নির্ধারিত আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ ও যথানিয়মে পূরণ করে এবং কোর্স ফি অনুমোদিত ব্যাংকের নির্ধারিত শাখায় জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।
- ভর্তি পরীক্ষার ফল প্রকাশের তারিখ থেকে নির্বাচিত প্রার্থীদের ভর্তি কার্যক্রম শুরু হবে।
- ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারীর জন্য প্রযোজ্য হবে।

### বাউবির আঞ্চলিক কেন্দ্রের ফোন নম্বরসমূহ

আঞ্চলিক কেন্দ্রসমূহ	ফোন ☎	আঞ্চলিক কেন্দ্রসমূহ	ফোন ☎
ঢাকা	০২-৮৬১৬০৬০৫	রাজশাহী	০২৪৭-৮০০০০৮
বগুড়া	০৫১-৬২৭৯৪	যশোর	০৪২১-৬৮৫২৬
বরিশাল	০৪৩১-২১৭৬২৮২	ফরিদপুর	০৬৩১-৬২০৮১
রংপুর	০৫২১-৬৩৫৯৩	চট্টগ্রাম	০৩১-৬১৯৬৩৩
ময়মনসিংহ	০৯১-৬৫২৯৮	সিলেট	০৮২১-৭১৯৫২৩
কুমিল্লা	০৮১-৭৭৫৫৭	খুলনা	০৪১-৭৩১৭৯৫

### (প্রফেসর সুফিয়া বেগম)

ডীন, স্কুল অব এডুকেশন  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৫

বিঃদ্র: চাকরিতে ভর্তি সরকারি বোনাস পেতে পারেন না। মনোনীত প্রার্থীকে স্বাক্ষরপত্র উপস্থাপন করে ভর্তি হতে হবে। ভর্তি সরকারি বিচারিক থানা স্বাক্ষরিত/উপ-আঞ্চলিক কেন্দ্রের সোলিড কোর্স ও বিবর্তনালয়ের ওয়েব সাইট ([www.bou.edu.bd](http://www.bou.edu.bd)) শাখা যাবে। উপ-আঞ্চলিক কেন্দ্রের টেলিফোন স্বাক্ষরিত কেন্দ্র থেকে জানা যাবে।

\* মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-জাতি গোষ্ঠী এবং বাউবির অভ্যন্তরীণ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী/তাদের পোষ্যদের জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে যথাযথ সনদপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

